

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ
হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৩.০২৩.১৮.১৩৭

তারিখ: ৫ বৈশাখ ১৪২৫
১৮ এপ্রিল ২০১৮

বিষয়: কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলাধীন সুলতানপুর ফাযিল মাদরাসার গভর্ণিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) সুলতানপুর ফাযিল মাদরাসার স্মারক নং-সু/ফা/মা/গব/২৬/২০১৮ তারিখ: ০৩.০৩.২০১৮ খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪ তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সুলতানপুর ফাযিল মাদরাসার গভর্ণিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

- (ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাস্থ ১ম ব্যক্তি জনাব মোস্তফা আজাদ কামাল ডিপ্লোমা ইন ফার্মেসী ডিগ্রিধারী একজন ব্যক্তি। তিনি (জনাব মোস্তফা আজাদ কামাল) অত্র মাদরাসার জামে মসজিদ নির্মাণের সময় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা দান করেছেন, মসজিদের ২য় তলার কাজের সময় স্ত্রীর নামে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা দান করেছেন, তাঁর ছেলের নামে মাদরাসায় ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা দান করেছেন, তাঁর ভাইয়ের কাছ থেকে মাদরাসার জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার ব্যবস্থা করেছেন এবং ছাত্রাবাসের ছাত্রদের খাবারের জন্য ১টি খাসী দান করেছেন মর্মে মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত পত্রে উল্লিখিত হয়েছে বিধায় বর্ণিত মাদরাসায় তিনি (জনাব মোস্তফা আজাদ কামাল) বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।
- (খ) তাঁর (জনাব মোস্তফা আজাদ কামাল) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, সুলতানপুর ফাযিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোক্ত ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফাযিল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব মোস্তফা আজাদ কামাল, পিতা: মরহুম আব্দুল হালিম মিয়া, গ্রাম: সুলতানপুর, ডাক: মাদরাসা সুলতানপুর, উপজেলা: দেবিদ্বার, জেলা: কুমিল্লা-কে উক্ত মাদরাসার গভর্ণিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।

১৮-৪-২০১৮

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক
ফোন: ৪১০৩০১৬৭

অধ্যক্ষ

সুলতানপুর ফাযিল মাদরাসা ডাক: মাদরাসা সুলতানপুর, উপজেলা:
দেবিদ্বার, জেলা: কুমিল্লা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৩.০২৩.১৮.১৩৭/১(৩)

তারিখ: ৫ বৈশাখ ১৪২৫
১৮ এপ্রিল ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।
- ২) সভাপতি, সুলতানপুর ফাযিল মাদরাসা ডাক: মাদরাসা সুলতানপুর, উপজেলা: দেবিদ্বার, জেলা: কুমিল্লা।
- ৩) জনাব মোস্তফা আজাদ কামাল, পিতা: মরহুম আব্দুল হালিম মিয়া, গ্রাম: সুলতানপুর, ডাক: মাদরাসা সুলতানপুর,

উপজেলা: দেবিদ্বার, জেলা: কুমিল্লা।



১৮-৪-২০১৮

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক